

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।

প্রকল্প পরিচালকের দপ্তর, ঢাকা

নথি নং-১৮.১১.০০০০.২৬৬.১৪.০৯৬.১৮/৯৬৩

তারিখ : ০৮/০৩/২০২২

মাটি/বালি বিক্রয়ের বিজ্ঞপ্তি


বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নলিখিত স্থানে ওয়াকওয়ে নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত ওয়াকওয়ের নদীর দিকের স্তম্ভকৃত মাটি/বালি অপসারণের লক্ষ্যে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে বিক্রয় করা হবে। বর্ণিত স্থানের মাটি/বালি নিজ খরচে নিজস্ব এক্সভেটর দ্বারা খনন/উত্তোলন করে নিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে প্রতি ঘনফুট মাটি/বালি ক্রয়ের দর উল্লেখ পূর্বক সাদা কাগজে/প্যাডে অত্র বিজ্ঞপ্তি প্রতিকায় প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়) (১ম সংশোধিত)” এর দপ্তরে প্রস্তাব আকারে লিখিতভাবে আবেদন পত্র দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনকারীর উদ্ধৃত দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে বিআইডব্লিউটিএ’র অনুকূলে ব্যাংকড্রাফট/পে-অর্ডার জমা সাপেক্ষে মাটি/বালি খনন করে নেওয়ার কার্যাদেশ দেয়া হবে। মাটি/বালি বিক্রির বিষয়ে কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। মাটি/বালি বিক্রয়ের স্থান ও সম্ভাব্য পরিমাণ নিম্নরূপ :

| ক্রম নং | মাটি/বালি বিক্রয়ের স্থান | মাটি/বালির সম্ভাব্য পরিমাণ |
|-------------------------------------|-----------------------------------------------------------------------------|----------------------------------------------|
| ঢাকা ও টঙ্গী নদী বন্দর এলাকা | | |
| ০১. | কামারপাড়া ব্রীজ হইতে সাহেব আলী মাদরাসা, উত্তরা, ঢাকা। | ৪,৫০,০০০.০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার ঘনফুট) |
| ০২. | প্রত্যাশা হাউজিং, টঙ্গী, গাজীপুর। | ২,০০,০০০.০০ (দুই লক্ষ ঘনফুট) |
| ০৩. | শেখ জামাল স্কুল হইতে খোলামোড়া ঘাট, কামরাসীরচর, ঢাকা। | ৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার ঘনফুট) |
| ০৪. | প্রত্যাশা ব্রীজ সংলগ্ন ডোমইনো রেডিমিক্স হতে ট্রাক স্ট্যাড, ভাটুলিয়া, ঢাকা। | ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ ঘনফুট) |
| ০৫. | মিরপুর বড় বাজার মসজিদ হতে দিয়াবাড়ি গুদারাঘাট পর্যন্ত | ২,০০,০০০.০০ (দুই লক্ষ ঘনফুট) |
| নারায়ণগঞ্জ নদী বন্দর এলাকা | | |
| ০৬. | সুলতানা কামাল ব্রীজ এলাকা | ২৫,১৮,০০০.০০ (পচিশ লক্ষ আঠারো হাজার ঘনফুট) |
| ০৭. | মবিন ফ্যাশন হতে সাইলো | ৬,০৫,০০০.০০ (ছয় লক্ষ পাঁচ হাজার ঘনফুট) |
| ০৮. | হাজীগঞ্জ ফেরীঘাট হতে মবিন ফ্যাশন | ২০,১৩,০০০.০০ (বিশ লক্ষ তের হাজার ঘনফুট) |
| ০৯. | কুমুদিনি হতে হাজীগঞ্জ ফেরীঘাট | ২১,৬৬,০০০.০০ (একুশ লক্ষ ছিষটি হাজার ঘনফুট) |
| ১০. | নিতাইগঞ্জ খালঘাট হতে পুবালাী সল্ট পর্যন্ত | ৬,১৫,০০০.০০ (ছয় লক্ষ পনের হাজার ঘনফুট) |
| ১১. | পুবালাী সল্ট হতে প্রিমিয়ার সিমেন্ট পর্যন্ত | ৫,৭৭,০০০.০০ (পাঁচ লক্ষ সাতাত্তর হাজার ঘনফুট) |
| ১২. | ডিইপিটিসি এলাকা (নেভি ডকইয়ার্ড হতে আকিজ সিমেন্ট পর্যন্ত) | ২৬,২২,০০০.০০ (ছাব্বিশ লক্ষ বাইশ হাজার ঘনফুট) |

• মাটি/বালিগুলো নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিক্রয় করা হবে :

- কার্যাদেশ জারীর ২০ (বিশ) দিনের মধ্যে মাটি/বালি অপসারণ করতে হবে;
- নিজস্ব অর্থে পরিবহনের মাধ্যমে নিজ ব্যবস্থাপনায় মাটি/বালি অপসারণের স্থান নির্বাচন করতঃ মাটি/বালি সরাতে হবে;
- মাঠ পর্যায়ে নিয়োজিত প্রকৌশলীর নির্দেশনার আলোকে মাটি/বালি খনন করতে হবে। খননকৃত মাটি/বালি নিজ খরচে নৌকা/ট্রলার/ট্রাক মাধ্যমে অন্যত্র সরিয়ে নিয়ে যেতে হবে। কোন ক্রমেই নদীতে ফেলা যাবে না;
- টো-ওয়াল হতে পরিমিত প্রোপ/ঢাল বজায় রেখে মাটি/বালি অপসারণ করতে হবে। ভাঙ্গনের সৃষ্টি হয় বা ভবিষ্যতে ভাঙ্গনের সৃষ্টি হতে পারে এরূপভাবে কাজ পরিচালনা করা যাবে না;
- পরিবেশের ক্ষতি হয় এরূপ কোন কাজ করা যাবে না;
- উক্ত মাটি/বালির সঙ্গে যদি কোন রাবিস/কঠিন বর্জ্য থাকে তবে উক্ত রাবিসসহ মাটি/বালি অপসারণে বাধ্য থাকবে।
- পাশাপাশি একাধিক নৌকা/ট্রলার বারিৎ করে নাব্য নৌপথে নিরাপদ নৌ-চলাচল বিঘ্নিত করা যাবে না;
- মাটি/বালি অপসারণ কার্যক্রম পরিচালনাকালে দূর্ঘটনার কারণে কাজে নিয়োজিত জনবল, কোন প্রতিষ্ঠান বা তীরভূমিতে অবস্থিত কোন স্থাপনা বা জনসাধারণের কোন ক্ষয়ক্ষতি হলে সকল দায়-দায়িত্ব মাটি/বালি ক্রয়কারীকে বহন করতে হবে এবং এর জন্য কর্তৃপক্ষ কোন ভাবেই দায়ী থাকবেনা;
- কোন ক্রমেই ০.৫০ মিটার ফরমেশন লেভেলের অতিরিক্ত গভীরতায় মাটি/বালি অপসারণ করা যাবে না;
- দরপ্রস্তাব দাখিলের পূর্বে সাইট পরিদর্শন করে নিতে হবে এবং দরপ্রস্তাবে নির্ধারিত সাইটের নাম, মাটি/বালির পরিমাণ ও প্রতি ঘনফুট মাটি/বালির দর স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
- নির্ধারিত সীমানার বাইরে মাটি/বালি অপসারণ/খনন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- কোন অবস্থায় পার্শ্ববর্তী মিল/কারখানা বা অন্য কোন প্রতিষ্ঠানের কর্মকান্ড পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি করা যাবে না;

উপর্যুক্ত যেকোন একটি শর্ত লংঘন করলে বা অত্র কর্তৃপক্ষের কাজের স্বার্থে/জনস্বার্থে/রাষ্ট্রীয় স্বার্থে কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রদত্ত কার্যাদেশ বাতিল করা যাবে।


(আবু জাফর মোহাম্মদ শাহিনেওয়াজ কবির)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা

৩

প্রকল্প পরিচালক।